যুগান্তর

তারিখ ... 2.4. JUL. 2017...
পৃষ্ঠা ... ৩ কলাম ... ১ ......



# বরিশালে পাসের হারে মেয়েরা এগিয়ে

## বেড়েছে জিপিএ-৫

**বরিশাল ব্যুরো**

বরিশাল শিক্ষা বোর্ডে এবার এইচএসসি পরীক্ষায় পাসের হারে এগিয়ে রয়েছে মেয়েরা। তাদের পাসের হার ৭৩.৪১ ও ছেলেদের হার ৬৭.৩৬। এছাড়া ৪১৮ জন মেয়ে জিপিএ-৫ ও ৩৯৭ জন ছেলে জিপিএ-৫ পেয়েছে। এছাড়াও বিষয় ভিত্তিতে পাসের হারে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষায়ও এগিয়ে রয়েছে মেয়েরা। গত বছরও তারাই এগিয়ে ছিল।

বরিশাল শিক্ষা বোর্ডের সম্মেলনকক্ষে রোববার বেলা ১১টায় সংবাদ সম্মেলন করে ফলাফল ঘোষণা করেন বোর্ডের সচিব বিপব কুমার ভট্টাচার্য। তিনি জানান, সার্বিক দিক থেকে ইংরেজি বিষয়ে ফলাফল কিছুটা খারাপ হয়েছে।

■ পৃষ্ঠা ৭ : কলাম ৩

## বরিশালে পাসের হারে

(৩য় পৃষ্ঠার পর)

৩২৯টি কলেজের ৬০ হাজার ৪৮৬ পরীক্ষার্থী অংশ নেয়। পাসের হারে শীর্ষে পটুয়াখালী জেলা। পাস করেছে ৭৫.৫৭ ভাগ শিক্ষার্থী। এ বছরও শীর্ষস্থান অধিকার করেছে বরিশাল ক্যাডেট কলেজ। কলেজের সবাই পাস করেছে। ৫৪ জনই জিপিএ-৫ পেয়েছে।

এ বোর্ডে ৩২৯ কলেজের ৬০ হাজার ৪৮৬ জন পরীক্ষায় অংশ নেয়। তাদের মধ্যে পাস করেছে ৪২ হাজার ৫০৭ জন। ২৯ হাজার ১৪৭ জন মেয়ের মধ্যে পাস করেছে ২১ হাজার ৩৯৬ জন। জিপিএ-৫ পেয়েছে ৪১৮ জন। ৩১ হাজার ৩৩৯ জন ছেলে পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ২১ হাজার ১১১ জন। জিপিএ-৫ পেয়েছে ৩৯৭ জন।